ইউনিয়ন পরিকল্পনা কমিটির সভার কার্যবিবরণী
অর্থ বৎসর : ২০২৩-২০২৪ খ্রিঃ।
উপজেলা: বদরগঞ্জ, জেলা: রংপুর।

সভাপতিঃ মোস্তাক আহমেদ চৌধুরী
চেয়ারম্যান
১২নং কুতুবপুর ইউনিয়ন পরিষদ
বদরগঞ্জ, রংপুর।
স্থানঃ ইউনিয়ন পরিষদ সভাকক্ষ।
তারিখঃ ০৩/০৭/২০২৩ খ্রি: সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | সদস্যগনের নাম | সামাজিক পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোস্তাক আহমেদ চৌধুরী | চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | মোছাঃ জাহানারা বেগম | সংরক্ষিত সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | মোছাঃ বিলকিস বেগম | সংরক্ষিত সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ সবুজা বেগম | সংরক্ষিত সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ আব্দুর রউফ | সাধারন সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | মোঃ নুরন্নবী মিয়া | সাধারন সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | মোঃ আমজাদ মিয়া | সাধারন সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ নুরুল হুদা | সাধারন সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ৯ | মোঃ সুমন মিয়া | সাধারন সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | মোঃ আকমাল হোসেন | সাধারন সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | মোঃ আল আমীন ইসলাম | সাধারন সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুক মিয়া | সাধারন সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | মোঃ সবুজ মিয়া | সাধারন সদস্য | সদস্য | স্বাক্ষরিত |
| ১৪ | মোঃ আশিকুর রহমান | ইউপি সচিব | সদস্য-সদস্য | স্বাক্ষরিত |

আলোচ্যসূচীঃ
১) বিগত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়িকরণ।
২) ২০২৩-২০২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা প্রনয়ণ।
৩) দরপত্র মূল্যয়ন কমিটি গঠণ।
৪) ইউপির আনুসাঙ্গিক ও স্কিম ভিত্তিক সাম্ভাব্য ক্রয়ের তালিকা প্রস্তুত করণ।
৫) ইউনিয়নের স্কিম ভিত্তিক সাম্ভাব্য ক্রয়ের তালিকা প্রস্তুতকরণ।
৬) বিবিধ।

অদ্যকার আলোচনা সভার কাজ অত্র ১২নং কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোস্তাক আহমেদ চৌধুরী সাহেবের সভাপতিত্বে আরম্ভ হয়। সভার শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান।

১নং বিষয় পঠিত হলে সভপতি সাহেবের অনুমতিক্রমে সচিব মোঃ আশিকুর রহমান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় দৃঢ়িকরণ করা হয়।
২নং বিষয় পঠিত হলে সভাপতি সাহেব উপস্থিত সদস্যগনকে বলেন, নতুন অর্থবৎসর ২০২৩-২০২৪ ইতোমধ্যে শুরু হয়ে গেছে। তাই আমাদের পরিকল্পনা প্রণয়ণ করা আবশ্যক। তিনি সদস্যগনকে উন্মুক্ত আলোচনার মাধ্যমে ক্রয় পরিকল্পনার কথা বলেন। অতঃপর সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে ক্রয় পদ্ধতি, ক্রয়ের ধরন, ক্রয় কমিটি সম্পর্কে নিম্নের সিদ্ধান্ত সমূহ গ্রহন করা হয়।

ক্রয় পদ্ধতি ও ধরণঃ ইউনিয়ন পরিষদ অপারেশনাল ম্যানুয়েল, ২০১২ এ বর্ণিত ক্রয়ের চারটি পদ্ধতিই অত্র ১২নং কুতুবপুর ইউনিয়ন পরিষদের ক্রয়ের পদ্ধতি হবে।

পদ্ধতিসমূহ নিম্নরুপঃ ১) সরাসরি ক্রয়।, ২) কমিউিনিটি ক্রয়।, ৩) আরএফকিউ ও ৪) উন্মুক্ত দরপত্র পদ্ধতি।

১) সরাসরি ক্রয়ঃ ইউপির রাজস্ব দ্বারা ক্রয় বা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে যে কোন ক্রয় যদি ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার বেশি না হয় তবে সে ক্ষেত্রে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করা হবে।

২) কমিউিনিটি ক্রয়ঃ শ্রমঘন কাজের ক্ষেত্রে যদি ইউপির রাজস্ব দ্বারা ক্রয় বা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে যে কোন ক্রয় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বেশি না হয় তবে সে ক্ষেত্রে কমিউনিটি ক্রয় পদ্ধতি অনুসরন করা হবে।

৩) আরএফকিউঃ ইউপির রাজস্ব দ্বারা ক্রয় বা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে যে কোন ক্রয় (শ্রমঘন কাজ ব্যতিত) যদি ২৫,০০১/- (পঁচিশ হাজার এক) টাকার বেশি কিন্তু ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার বেশি না হয় তবে সে ক্ষেত্রে আরএফকিউ ক্রয় পদ্ধতি অনুসরণ করা হবে।

৪) উন্মুক্ত দরপত্র পদ্ধতিঃ ইউপির রাজস্ব দ্বারা ক্রয় বা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে যে কোন ক্রয় যদি ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার বেশি হয় তবে সে ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র ক্রয় পদ্ধতি অনুসরণ করা হবে।

ক্রয় কমিটিসমূহঃ ১) রাজস্ব/নিজস্ব ব্যায়ের ক্ষেত্রে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার মধ্যে যে কোন আনুসাঙ্গিক দ্রব্যদি ক্রয়ের ক্ষেত্রে নিম্নের কমিটি ক্রয় কমিটি হিসাবে বিবেচিত হবেঃ

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ১ | মোঃ সবুজ মিয়া | ইউপি সদস্য | আহবায়ক |
| ২ | মোছাঃ জাহানারা বেগম | ইউপি সদস্য | সদস্য |
| ৩ | মোঃ নুরন্নবী মিয়া | ইউপি সদস্য | সদস্য |
| ৪ | মোঃ আমজাদ মিয়া | ইউপি সদস্য | সদস্য |
| ৫ | মোঃ আশিকুর রহমান | ইউপি সচিব | সদস্য-সচিব |

২) ইউপির রাজস্ব দ্বারা অথবা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতি বা কমিউনিটি ক্রয় পদ্ধতি বা আরএফকিউ পদ্ধতির মাধ্যমে যে কোন ক্রয় (প্রকল্প বা স্কিমের ক্ষেত্রে) সম্পন্ন করলে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিটিই ক্রয় কমিটি হিসাবে বিবেচিত হবে। এই ওয়ার্ড কমিটিই স্পষ্ট কোটেশন/কোটেশন সংগ্রহ/আহবান করবেন এবং তারাই কোটেশন মূল্যয়নের মাধ্যমে কার্যাদেশ প্রদান করবেন। তবে সকল ক্ষেত্রেই সংশ্লিষ্ট ওয়ার্ডের তত্তাবধায়ন কমিটি কাজের গুনগতমান পর্যবেক্ষন করতঃ বিল প্রদানের সময় প্রত্যয়ন প্রদান করবেন।
৩) ইউনিয়ন পরিষদ তার রাজস্ব দ্বারা বা উন্নয়ন/অন্যান্য তহবিলের মাধ্যমে যে কোন ক্রয় যদি উন্মুক্ত দরপত্র ক্রয় পদ্ধতি অনুসারে ক্রয় সম্পন্ন করে সে ক্ষেত্রে পৃথক একটি কমিটি দরপত্র মূল্যয়ন কমিটি হিসাবে বিবেচিত হবে।

৩নং বিষয় পঠিত হলে সভাপতি সাহেব উপস্থিত সদস্যগনকে বলেন, উন্মুক্ত দরপত্র ক্রয় পদ্ধতি অনুসারে ক্রয়ের ক্ষেত্রে একটি দরপত্র মূল্যয়ন কমিটি গঠন করতে হবে। অতঃপর বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক দরপত্র মূল্যয়ন কমিঠি গঠন করা হয়। নিম্নে উক্ত কমিটি উল্লেখ করা হলোঃ

দরপত্র মূল্যয়ন কমিটি

| ক্রমিক নং | নাম | পরিচিতি | পদবী |
|---|---|---|---|
| ১ | এ আর এম ফেরদৌউস | প্রধান শিক্ষক, নাটারাম দ্বী-মূখী উচ্চ বিদ্যালয় | আহবায়ক |
| ২ | এ কে এম শফিকুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, বদরগঞ্জ, রংপুর। | সদস্য |
| ৩ | মোঃ সুলতান মাহমুদ | উপ-সহকারী কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৪ | মোঃ আশিকুর রহমান | ইউপি সচিব | সদস্য-সচিব |

৪ নং বিষয় পঠিত হলে সভাপতি সাহেব উপস্থিত সদস্যগনকে বলেন ইউপির আনুসাঙ্গিক ক্রয় ও কার্যালয় সংশ্লিষ্ট স্কিম ভিত্তিক সম্ভাব্য ক্রয়ের তালিকা প্রস্তুত করতে হবে। অতঃপর আলোচনান্তে ইউপির আনুসাঙ্গিক ক্রয় ও কার্যালয় সংশ্লিষ্ট স্কিম ভিত্তিক ক্রয়ের তালিকা প্রস্তুত করা হয়। নিম্নে আনুসাঙ্গিক ক্রয় ও কার্যালয় সংশ্লিষ্ট স্কিম ভিত্তিক ক্রয়ের তালিকা উল্লেখ করা হলো:

আনুসাঙ্গিক ক্রয়ের সম্ভাব্য তালিকা

| ক্র: নং | খরচের বিবরণ | টাকার পরিমাণ | ব্যয়ের তহবিল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রিন্টিং ষ্টেশনারী | ২৫,০০০/- | নিজস্ব | |
| ২ | বিদ্যুৎ বিল | ৪০,০০০/- | নিজস্ব | |
| ৩ | আপ্যায়ন বিল | ২৫,০০০/- | নিজস্ব | |
| ৪ | অনুদান | ২০,০০০/- | নিজস্ব | |
| ৫ | পেপার বিল | ৩,৮০০/- | নিজস্ব | |
| ৬ | অন্যান্য ব্যয় (ডাক ও তার ইলেকট্রনিক্স) | ৫০,০০০/- | নিজস্ব | |

কার্যালয় সংশ্লিষ্ট স্কিম/প্রকল্প ভিত্তিক ক্রয়ের সম্ভাব্য তালিকা

| ক্র: নং | স্কিম/প্রকল্পের নাম | টাকার পরিমাণ | ব্যয়ের তহবিল |
|---|---|---|---|
| ১ | রিভলবিং চেয়ার (চেয়ারম্যান কক্ষের জন্য) ক্রয় | ৩০,০০০/- | নিজস্ব/উন্নয়ন সহায়তা তহবিল |
| ২ | ইউপি কার্যালয়ের জন্য হাতলযুক্ত ও হাতলহীন চেয়ার এবং কার্যালয়ের বাথরুম পানির লাইন মেরামত | ১,৮০,০০০/- | নিজস্ব/উন্নয়ন সহায়তা তহবিল |
| ৩ | সাউন্ড সিস্টেম, ল্যাপটপ, মডেম, প্রিন্টার, স্ক্যানার, রাউটার (সচিব/ডিজিটাল সেন্টারের জন্য ক্রয়) | ২,০০,০০০/- | নিজস্ব/উন্নয়ন সহায়তা তহবিল |

৫নং বিষয় পঠিত হলে সভাপতি সাহেব উপস্থিত সদস্যগনকে বলেন, ইউনিয়নের স্কিম ভিত্তিক সম্ভাব্য ক্রয়ের তালিকা প্রস্তুত করতে হবে, পরে সদস্যগনের মধ্যে এ বিষয়ে আলোচনা হয় এবং আলোচনান্তে এই মর্মে সিদ্ধান্ত হয় যে, ওয়ার্ড সভায় যে প্রকল্প সমূহ জনগন উল্লেখ করে থাকে সেগুলো ওয়ার্ড ভিত্তিক অগ্রাধিকার ক্রমে ইউনিয়নের স্কিম ভিত্তিক সম্ভাব্য ক্রয়ের তালিকা প্রস্তুত করা হবে।
৬নং বিষয় পঠিত হলে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগনকে ধন্যবাদ জানিয়ে সভা কার্যের সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
মোস্তাক আহমেদ চৌধুরী
চেয়ারম্যান
১২নং কুতুবপুর ইউনিয়ন পরিষদ
বদরগঞ্জ, রংপুর।